# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: ২ ৭ ১

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট    পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ রাস্তায় ভিক্ষা করেছিলেন অন্ধ শাহজাহান মিয়া। বড় প্রাইভেট কারের পাশে গিয়ে ভিক্ষা চাইতেই জনাব শিহাব হোসেন উঁকি দিয়ে তাকালেন, বললেন, আপনার কোন আত্মীয়-স্বজন নেই। অন্ধ ভিক্ষুক বললেন, আত্মীয়-স্বজন থাকলেও তারা আমার খোঁজ-খবর নেয় না। জনাব শিহাব এ প্রেক্ষিতে মন্তব্য করলেন সরকারিভাবে আইন করে আত্মীয়-স্বজনদের এ ধরনের দরিদ্রদের দায়িত্ব গ্রহণে বাধ্য করা উচিত।

ক. সমাজকর্মের সবচেয়ে গ্রহণযোগ্য সংজ্ঞা কে দিয়েছেন? ১

খ. পেশাদার সমাজকর্মের বিকাশ ঘটে কীভাবে? ২

গ. উদ্দীপকে ১৬০১ সালের দরিদ্র আইনে সংজ্ঞায়িত কোন ধরনের দরিদ্রদের ধারণা দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে ১৬০১ সালের দরিদ্র আইনের বৈশিষ্ট্যের পূর্ণ প্রতিফলন ঘটেনি'— তুমি কি এর সাথে একমত? যুক্তিসহ উপস্থাপন কর। ৪

**২.** ▶ জনাব রায়হান উচ্চ শিক্ষিত একজন প্রকৌশলী। তার ভাই মনসুর আলী কৃষক। মনসুর আলী তার সারা জীবনের শ্রম দিয়ে ভাইকে পড়াশুনা করিয়ে প্রকৌশলী হতে সাহায্য করেছেন। কিন্তু এখন সমাজে রায়হান সাহেবের মূল্য অনেক বেশি। কারণ তিনি বড় কাজ করেন। অনেক টাকা রোজগার করেন। তার ছেলে মেয়েদের সীমাহীন চাহিদা পূরণে তিনি সক্ষম। তবে এ নিয়ে মনসুর আলীর কোনো ক্ষোভ নেই। তার কাজ নিয়ে সে সন্তুষ্ট কারণ তিনি তো কোনো তাত্ত্বিক জ্ঞান অর্জন করেননি, যা প্রয়োগ করে অনেক টাকা রোজগার করবেন।

ক. NASW এর পূর্ণরূপ কী? ১

খ. সমাজকর্ম ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. 'উদ্দীপকের জনাব রায়হান ও মনসুর আলীর কর্মের যে বৈসাদৃশ্য বিদ্যমান'— তা আলোচনা কর। ৩

ঘ. 'উদ্দীপকের জনাব রায়হান সাহেবের কাজের বৈশিষ্ট্য পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ অল্প বয়সে বিধবা হয়েছেন অঞ্জলি ঘোষ। তার সম্বল বলতে কেবল একমাত্র ছেলেটি। তবে স্বামী মারা গেলেও শ্বশুরবাড়ির লোকজনের কাছ থেকে তিনি যথেষ্ট সহায়তা পান। সবাই তাকে অত্যন্ত ভালোবাসে। তাই তিনি নিজের একাকিত্ব অনেকটা কাটিয়ে উঠতে পারেন।

ক. ফরাসি সামজবিজ্ঞানী অগাস্ট কোঁৎ সর্বপ্রথম কত সালে Sociology শব্দটি প্রবর্তন করেন? ১

খ. সমাজকর্মের দুটি উদ্দেশ্য লেখ। ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে অঞ্জলি ঘোষের বর্তমান অবস্থার সাথে তৎকালীন হিন্দু সমাজব্যবস্থার পার্থক্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে অঞ্জলি ঘোষের বর্তমান অবস্থানে রাজা রামমোহন রায়ের অবদান অপরিসীম'— উক্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.** ▶ সুস্মিতা শিক্ষিতা এবং বুদ্ধিমতী নারী। তিনি নিজে চাকরিজীবী এবং তার স্বামী ধনাঢ্য ব্যক্তি। তিনি একবার গ্রামে গিয়ে দেখেন সেখানকার অধিকাংশ মেয়েরাই নিরক্ষর। তাই তিনি তার এলাকায় মেয়েদের শিক্ষা বিস্তারে একটি বিদ্যালয় নির্মাণের সিদ্ধান্ত নেন। বর্তমানে তার বিদ্যালয়ে অনেক মেয়ে লেখাপড়ার সুযোগ পাচ্ছে।

ক. সতীদাহ প্রথা উচ্ছেদ আইন কত সালে পাস হয়? ১

খ. সমাজকর্ম মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সুস্মিতার কার্যক্রমের সাথে বেগম রোকেয়ার কার্যক্রমের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে সুস্মিতা নারীমুক্তির অগ্রদূত হিসেবে বেগম রোকেয়ার উত্তরসূরি'— বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶ মনি আর মুক্তা দুই বান্ধবী। সাফল্যের সাথে উচ্চ মাধ্যমিক পাস করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। একদিন তারা নিজেদের পাঠ্য বিষয় নিয়ে বিতর্কে জড়িয়ে পড়ে। তাদের কথোপকথনের একটি অংশ—

**মনি:** আমার পাঠ্য বিষয়টি মানুষের আচার-আচরণ, আবেগ, অনুভূতি, দৃষ্টিভঙ্গি, অনুপ্রেরণা ইত্যাদি বিষয় আলোচনা করে। সুতরাং, আমার বিষয়টি সমাজ ও মানুষের জন্য প্রয়োজনীয়।

**মুক্তা:** আমার পাঠ্যবিষয়টি জীবনের বিভিন্ন পর্যায়ে সৃষ্ট সমস্যা সমাধানে আমাদের সক্ষম করে তোলে। সুতরাং, আমার বিষয়টি সমাজ ও মানুষের জন্য বেশি প্রয়োজনীয়।

ক. মুসলিম মহিলা ট্রেনিং স্কুল কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. সম্পদের সদ্ব্যবহার কী? ২

গ. উদ্দীপকে মনি ও মুক্তার পাঠ্য বিষয় দুটির পার্থক্য ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সমাজ ও মানুষের কল্যাণের জন্য উক্ত বিষয় দুটি সহায়ক।' উক্তিটির যথার্থতা উদ্দীপক ও পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶ রাজিব আহসান একটি বিশ্ববিদ্যালয় থেকে এম.এস.এস ডিগ্রি লাভ করেন। লেখাপড়া সমাপ্ত করে চাকরির আশায় না ঘুরে ব্যাংক থেকে ঋণ নিয়ে পোলট্রি ফার্মের ব্যবসা শুরু করেন। ঋণের টাকার সদ্ব্যবহার করে তার ব্যবসায় প্রতিষ্ঠানকে সম্প্রসারণ করেন। এখন তাঁর প্রতিষ্ঠানে ৫০-৬০ জন যুবক কর্মরত।

ক. COS এর পূর্ণরূপ কী? ১

খ. সামাজিক পরিবর্তন ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত রাজিব আহসানকে ব্যবসায়ের ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করতে কোন বিষয়ের জ্ঞান সহায়তা করেছে? ব্যাখ্যা কর। ৩

http://teachingbd.com

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়ের সাথে সমাজকর্মের পারস্পরিক সম্পর্ক আলোচনা কর। ৪

৭. ▶ কলেজ যাওয়ার পথে রীনাকে প্রায়ই পাড়ার বখাটে ছেলেরা উত্ত্যক্ত করে। তাদের ভয়ে একসময় রীনা কলেজে যাওয়া বন্ধ করে দেয়। ঘর থেকে বের হতে চায় না। রীনার এ সমস্যা মোকাবিলায় রীনার বাবা একজন সমাজকর্মীর শরণাপন্ন হলেন। সমাজকর্মী রীনার সাথে গভীরভাবে আলোচনা করে সমস্যা মোকাবিলা করে তাকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনেন।

ক. নৃবিজ্ঞানের ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. বায়তুল মাল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের রীনার সমস্যা মোকাবিলায় সমাজকর্মী সমাজকর্মের কোন পদ্ধতি প্রয়োগ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রীনার সমস্যার কার্যকরী সমাধানের জন্য উক্ত পদ্ধতির সাধারণ নীতিমালাগুলো অনুসরণ অপরিহার্য— মতামত দাও। ৪

৮. ▶ সালমা বরিশাল বি.এম কলেজের সম্মান দ্বিতীয় বর্ষের ছাত্রী। তার নিজের গ্রাম সোনাপুরের অধিকাংশ মহিলাই অশিক্ষিত বলে তারা নানারকম কুসংস্কার ও অজ্ঞতায় ভোগে। সালমা একজন শিক্ষিত মেয়ে হিসেবে এ বিষয়গুলো মেনে নিতে পারেনি। তাই সে তার গ্রামের মহিলাদেরকে নিয়ে একটি নারী প্রশিক্ষণ কেন্দ্র চালু করে সেখানে তাদের সাক্ষরতার পাশাপাশি কুসংস্কার দূরীকরণের বিভিন্ন সামাজিক শিক্ষা দেওয়া শুরু করে। প্রথম প্রথম এলাকায় কিছু গোড়া কুসংস্কারাচ্ছন্ন মুরব্বিরা নেতিবাচক প্রচারনা চালালেও পরবর্তীতে তার দৃঢ়চেতা ব্যক্তিগত নৈপূণ্যের কাছে তারা হার মানে।

ক. সমাজকর্মের প্রতিষ্ঠাতা কে? ১

খ. র‍্যাপো বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সালমা কোন ধরনের সমাজকর্ম নিয়ে কাজ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের সালমা নিজ জ্ঞান ও নৈপূণ্যতার মাধ্যমে সমাজকর্ম প্রক্রিয়ার স্বার্থক প্রয়োগ ঘটাতে সক্ষম হয়েছে'— বিশ্লেষণ কর। ৪

৯. ▶ হাবিবুর ও মিজানুর গ্রামের দু'জন ধর্মপ্রাণ মানুষ। হাবিবুর তার সম্পত্তির সম্পূর্ণ অংশ ধর্মীয় কাজে ও মাতৃ-পিতৃহীন শিশুদের শিক্ষার জন্য দান করে গেছেন। অন্যদিকে, মিজানুর তার সম্পত্তির অর্ধেক অংশ মসজিদ, মাদ্রাসা ও এতিমখানার জন্য স্থায়িভাবে দান করে দিয়েছেন।

ক. সমাজকর্ম পদ্ধতি প্রধানতম কয়ভাগে বিভক্ত? ১

খ. সামাজিক গবেষণা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে হাবিবুর ও মিজানুরের দান যে ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানকে নির্দেশ করে তার বর্ণনা দাও। ৩

ঘ. 'সৃষ্টিকর্তার সন্তুষ্টি লাভ এবং সমাজসেবায় প্রতিষ্ঠানসমূহের ভূমিকা তাৎপর্যপূর্ণ— উক্তিটি পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: ২ ৭ ১

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **সমাজকল্যাণের বিজ্ঞান সম্মত পদ্ধতি ও কৌশলকে কি বলা হয়?**
ক সমাজসেবা খ সমাজসংস্কার
গ সমাজকর্ম ঘ সামাজিক উন্নয়ন

২. **পেশাদার সমাজকর্মের উদ্ভব ঘটে-**
ক ফরাসি বিপ্লবের পর খ রুশ বিপ্লবের পর
গ শিল্প বিপ্লবের পর ঘ ১ম বিশ্বযুদ্ধের পর

৩. **কে সমাজকর্মকে একটি কলা, বিজ্ঞান ও পেশা হিসেবে আখ্যায়িত করেছেন?**
ক ফ্রিডল্যান্ডার খ স্কিডমোর থ্যাকারি
গ বি. ডব্লু শেফর ঘ মোরেলেস

৪. **এলিজাবেথীয় দরিদ্র আইন কবে প্রণীত হয়?**
ক ১৫০১ সালে খ ১৬০১ সালে
গ ১৬০৫ সালে ঘ ১৭০১ সালে

৫. **বিভারিজ রিপোর্ট কয়টি সুপারিশ পেশ করে-**
ক সাত খ ছয়
গ পাঁচ ঘ চার

৬. **বিশ্বে সর্বপ্রথম কোথায় সমাজকর্ম পেশার মর্যাদা অর্জন করে?**
ক যুক্তরাজ্যে খ যুক্তরাষ্ট্রে
গ কানাডায় ঘ জার্মানিতে

৭. **কোন কারিগরি জ্ঞান ও দক্ষতা সম্পন্ন বিশেষ বৃত্তি বা কাজকে কি বলে?**
ক বৃত্তি খ জব
গ পেশা ঘ বৃত্তি ও পেশা উভয়ই

৮. **মূল্যবোধ হচ্ছে মানব আচরণের ভালো মন্দ বিচারের-**
i. আদর্শ
ii. নিয়ন্ত্রক
iii. মানদণ্ড
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

৯. **শিল্পায়ন ও শহরায়ন সৃষ্ট সমস্যা হচ্ছে-**
i. পারিবারিক ভাঙন
ii. সামাজিক বিচ্ছিন্নতা
iii. নিরাপত্তাহীনতা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১০, ১১, ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
উচ্চ মাধ্যমিক শ্রেণির লোপা প্রতিদিন বাসায় পড়ার শেষে একটি সারসংক্ষেপ তৈরি করে। তার আজকের সারসংক্ষেপ হচ্ছে বিষয়টি একটি সুসংঘটিত পদ্ধতি ও বৈজ্ঞানিকভাবে সামাজিক সমস্যার সমাধান দেয় এবং মানুষের সুপ্ত প্রতিভার বিকাশ সাধন। সম্পদের সদ্ব্যবহার ও জনগণের অংশায়নে বিষয়টি শিক্ষার প্রয়োজনীয়তা অপরিসীম।

১০. **লোপার আজকের পঠিত বিষয় কোনটি?**
ক সমাজকর্ম খ অর্থনীতি
গ পৌরনীতি ঘ ভূগোল

১১. **উক্ত বিষয়টির যে সব বৈশিষ্ট্য পাওয়া যায়-**
i. সুসংগঠিত পদ্ধতি
ii. রাষ্ট্রের সম্পর্ক
iii. সমস্যার বৈজ্ঞানিক সমাধান
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

১২. **উক্ত বিষয়টির শিক্ষার যেসব প্রয়োজন রয়েছে তা হচ্ছে-**
i. মানব সম্পদ বিকাশ
ii. জনগণের অংশগ্রহণ
iii. সম্পদের সদ্ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

১৩. **শিল্পায়নের বৈশিষ্ট্য হচ্ছে-**
i. অধিক উৎপাদন
ii. শিল্পের স্থানীয়করণ
iii. বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও iii
গ iii ঘ i, ii ও iii

১৪. **কোন আইনকে '৪৩ তম প্রয়াস' বলে অভিহিত করা হয়?**
ক শ্রমিক আইন
খ বিভারিজ রিপোর্ট
গ দারিদ্র্য আইন সংস্কার
ঘ এলিজাবেথীয় দরিদ্র আইন

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫, ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
জীম ইংল্যান্ডের এক প্রতিবন্ধী, দরিদ্র ও বেকার ব্যক্তি। সরকার তাকে একটি নির্দিষ্ট কেন্দ্রে রেখেছে। এখানে তাকে সাধ্যমত কাজ করতে হয়। কাজের বিনিময়ে এখানে তার আবাসন ও ভরণপোষণের ব্যবস্থা করা হয়।

১৫. **কীসের ভিত্তিতে জীমকে সরকার ঐ নির্দিষ্ট কেন্দ্রে রেখেছে?**
ক আইনানুসারে খ জোরপূর্বক
গ গৃহসংকটের ফলে ঘ কাজে বাধ্য করতে

১৬. **১৬০১ সালের দরিদ্র আইনানুসারে জীমকে কোন শ্রেণির দরিদ্র বলা হয়?**
ক সক্ষম দরিদ্র খ অক্ষম দরিদ্র
গ প্রান্তিক দরিদ্র ঘ হত দরিদ্র

১৭. **১৬০১ সালের দরিদ্র আইনানুসারে জীমকে যে কেন্দ্রে রাখা হয়েছে-**
ক কর্মশালায়ে খ সংশোধনাগারে
গ দরিদ্রাগারে ঘ কারাগারে

Teachingbd.com

http://teachingbd.com

১৮. সমাজের মানুষের আচার-আচরণ নিয়ন্ত্রক আদর্শ, রীতি, নীতি নিয়ম কানুনের সমষ্টিকে কি বলে?
ⓚ সামাজিক আদর্শ ⓚ সামাজিক রীতি-নীতি
ⓖ সামাজিক মূল্যবোধ ⓖ সামাজিক নিয়ন্ত্রণ

১৯. সমাজকর্মের মূল্যবোধ হচ্ছে-
i. স্বনির্ভরতা
ii. আত্মনিয়ন্ত্রণাধিকার
iii. শ্রমের মর্যাদা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২০, ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:
গ্রামের আকরাম প্রত্যহ তার বাড়িতে ধনভাণ্ডার হতে স্বহস্তে দরিদ্রদের নগদ অর্থ দান করেন। তার প্রতিবেশী ইমরান একজন আইনজ্ঞ। তিনি আইনের উপর তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞানার্জন এবং বিশিষ্ট আইনজীবির অধীনে কাজ করে এ বিষয় দক্ষতা ও নৈপুণ্য অর্জন করেছেন। তিনি আইনী পরামর্শ ও সেবা দিয়ে জীবিকা নির্বাহ করেন।

২০. আকরামের কাজ কোন ধরনের সমাজকল্যাণের অন্তর্ভুক্ত?
ক সাধারণ খ স্বেচ্ছামূলক
গ নৈতিক ঘ পেশাদার

২১. আকরামের সেবা সমস্যার কিরূপ সমাধান দিতে সক্ষম?
ক সাময়িক খ স্থায়ী
গ জরুরি ঘ দীর্ঘস্থায়ী

২২. ইমরানের কাজ কোন ধরনের সমাজকল্যাণের অন্তর্ভুক্ত?
ক সাধারণ খ স্বেচ্ছামূলক
গ নৈতিক ঘ পেশাদার

২৩. NASW- National Association of Social Work- হচ্ছে
ক বাণিজ্যিক সংস্থা খ দলীয় সংস্থা
গ সমাজকর্মের পেশাগত সংস্থা
ঘ রাজনৈতিক সংস্থা

২৪. ইসলামি পরিভাষায় বায়তুলমাল অর্থ কি?
ক ধনভাণ্ডার খ রাষ্ট্রীয় কোষাগার
গ রাষ্ট্রীয় সম্পদ ঘ জনসম্পদ

২৫. ওয়াক্ফ এর সাধারণ অর্থ কী?
ক স্থায়ীভাবে সম্পদ দান খ দরিদ্রদের অর্থ দান
গ উত্তরাধিকারীর সম্পদ ঘ রাষ্ট্রীয় সম্পদ

২৬. ধর্মগোলা কি?
ক ধর্মের জন্য উৎসর্গ খ ধর্মের জন্য শহিদ
গ উত্তরাধিকারীর সম্পদ ঘ শস্য ভাণ্ডার

২৭. সতীদাহ প্রথা উচ্ছেদ আইন কবে পাশ হয়?
ক ১৭২৯ খ ১৭৮৯
গ ১৮২৯ ঘ ১৯২৯

২৮. মানুষের উদ্ভব, বিকাশ এবং তাদের সামাজিক, সাংস্কৃতিক দিক দিয়ে কোন শাস্ত্র আলোচনা করে?
ক পৌরনীতি খ মনোবিজ্ঞান
গ সমাজকল্যাণ ঘ নৃ-বিজ্ঞান

২৯. ব্যক্তি সমাজকর্মের "আত্মা" বলা হয় কোনটিকে?
ক র‍্যাপোকে খ উপাদানকে
গ প্রক্রিয়াকে ঘ নীতিমালাকে

৩০. এইচ. এইচ. পার্লম্যান সমাজকর্মের কোন পদ্ধতির ৫টি উপাদানের কথা বলেছেন-
ক ব্যক্তি সমাজকর্ম খ দল সমাজকর্ম
গ সমষ্টি উন্নয়ন ঘ সমাজকর্ম গবেষণা

৩১. ব্যক্তি সমাজকর্মের সাধারণ নীতি হচ্ছে-
i. গ্রহণ
ii. অংশগ্রহণ
iii. পারস্পরিক সম্পর্ক
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

৩২. দল সমাজকর্মের উপাদান কয়টি?
ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

৩৩. সামাজিক নীতিকে সমাজসেবায় রূপান্তরের প্রক্রিয়াকে কি বলে?
ক সামাজিক প্রশাসন খ সামাজিক কার্যক্রম
গ সমষ্টি উন্নয়ন ঘ সমাজকর্ম গবেষণা

৩৪. বাংলাদেশে সামাজিক নীতি প্রণয়নে সর্বোচ্চ সাংবিধানিক সংস্থার নাম কি?
ক পরিকল্পনা কমিশন খ একনেক
গ পরিকল্পনা মন্ত্রণালয় ঘ জাতীয় সংসদ

৩৫. বাংলাদেশে অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষা প্রচলিত রয়েছে কোন স্তরে?
ক প্রাক-প্রাথমিক খ প্রাথমিক
গ মাধ্যমিক ঘ উচ্চ মাধ্যমিক

৩৬. বাংলাদেশে বর্তমান চালু জনসংখ্যা নীতি কবে প্রণীত হয়-
ক ২০১২ খ ২০১০
গ ২০০৫ ঘ ২০০৪

৩৭. জাতীয় শিশু নীতি ২০১১ অনুসারে শিশু কাকে বলে?
ক ১৫ বছরের কম খ ১৬ বছরের কম
গ ১৭ বছরের কম ঘ ১৮ বছরের কম

৩৮. আন্তর্জাতিক নারী দিবস ও নিরাপদ মাতৃত্ব দিবস কোনটি?
ক ৮ মার্চ ও ২৮ মে খ ৮ মার্চ ও ৮ জুন
গ ৮ মার্চ ও ১৮ই জুন ঘ ৮ মার্চ ও ২৮শে জুন

৩৯. কখন সর্বপ্রথম পেশাদার সমাজকর্মের শিক্ষার সূত্রপাত হয়?
ক ১৮৬৯ খ ১৮৯৭
গ ১৮৯৮ ঘ ১৯৭১

৪০. বাংলাদেশে সর্বপ্রথম পেশাদার সমাজকর্মের ভিত রচিত হয় কবে?
ক ১৯৪৭ খ ১৯৫২
গ ১৯৫৩ ঘ ১৯৫৫

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ |
| | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | গ |

Teachingbd.com